

যুগান্তর

চুয়েট-কুয়েট-রুয়েটে ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে ৭ ভর্তিচ্ছু

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ০৩ মার্চ ২০২৪, ১০:১০:২৬ | [অনলাইন সংস্করণ](#)



ফাইল ছবি

প্রকৌশল গুচ্ছভুক্ত তিনটি বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতক প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা আজ। রোববার সকাল ১০টায় দুই গ্রুপের পরীক্ষা শুরু হবে।

এর মধ্যে 'ক' গ্রুপের পরীক্ষা চলবে দুপুর ১২টা এবং 'খ' গ্রুপের পরীক্ষা চলবে দুপুরে ১টা ৪৫ মিনিট পর্যন্ত।

প্রকৌশল গুচ্ছভুক্ত তিন বিশ্ববিদ্যালয় হলো- চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট)।

ভর্তি কমিটি সূত্র জানায়, এবারের ভর্তি পরীক্ষায় সংরক্ষিত আসনসহ চুয়েটের ৯৩১টি, কুয়েটের এক হাজার ৬৫ এবং রুয়েটের এক হাজার ২৩৫ আসনসহ সর্বমোট আসন সংখ্যা ৩ হাজার ২৩১টি। এসব আসনের বিপরীতে পরীক্ষায় অংশগ্রহণ করবেন ২২ হাজার ৮৬৮ জন ভর্তিচ্ছু। সেই হিসাবে প্রতি আসনের জন্য লড়বেন ৭ জন শিক্ষার্থী।

‘ক’ গ্রুপে (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ) ২০ হাজার ৭৬০ জন এবং ‘খ’ গ্রুপে (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ) ২ হাজার ১০৮ জন ভর্তি পরীক্ষায় অংশ নিতে আবেদন করেছেন।

এ বছর চুয়েট কেন্দ্রে ৭ হাজার ৬২৮ জন, কুয়েট কেন্দ্রে ৭ হাজার ৬১৮ জন এবং রুয়েট কেন্দ্রে ৭ হাজার ৬২২ জন পরীক্ষার্থীর অংশগ্রহণের কথা রয়েছে।

রুয়েটের পুরকৌশল অনুষদের ডিন ও ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. কামরুজ্জামান রিপন জানান, পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে পরীক্ষার্থীরা হলে প্রবেশ করতে পারবেন না। আর পরীক্ষা শুরু হওয়ার পর এক ঘণ্টা ৩০ মিনিট অতিবাহিত না হওয়া পর্যন্ত পরীক্ষার কক্ষ ত্যাগ করতে পারবেন না। পরীক্ষা চলাকালে ভর্তি কমিটির অনুমোদিত ক্যালকুলেটর ছাড়া মোবাইল ফোন, জ্যামিতি বক্সসহ অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে রাখা যাবে না।

এবারের ভর্তি পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজি বিষয়ের ওপর এমসিকিউ পদ্ধতিতে ‘ক’ গ্রুপের জন্য ৫০০ নম্বরের এবং ‘খ’ গ্রুপের জন্য ৫০০ নম্বরের পরীক্ষা হবে। পাশাপাশি অতিরিক্ত মুক্তহস্ত অঙ্কনের ২০০ নম্বরসহ মোট ৭০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে ১৮ মার্চ রাত ১০টায়।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](http://www.jugantor.com) © 2024

